

তারিখ:
পৃষ্ঠা:

ওয়াশিংটন থেকে হাসিনা

প্রাথমিক বিজয়ে ছাত্র শিক্ষকদের প্রতি অভিনন্দন

স্টাফ রিপোর্টার ॥ দাবির মুখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের
ভিসি ও প্রক্টরের পদত্যাগকে ছাত্রছাত্রীদের আন্দোলনের
প্রাথমিক বিজয় উল্লেখ করে আওয়ামী লীগ সভানেত্রী
শেখ হাসিনা ছাত্র-শিক্ষকদের প্রতি অভিনন্দন
(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

প্রাথমিক বিজয়ে ছাত্র (১২-এর পাতার পর)

জানিয়েছেন।
বৃহস্পতিবার ওয়াশিংটন থেকে পাঠানো এক বিবৃতিতে
তিনি বলেন, শামসুন্নাহার হলে ছাত্রীদের ওপর পুলিশ-
ছাত্রদলের সন্ত্রাসী হামলা এবং পরে ছাত্র-শিক্ষক ও
সাংবাদিকদের ওপর নির্ধাতনের বিরুদ্ধে সাধারণ
ছাত্রছাত্রী ও শিক্ষকরা যে আন্দোলন গড়ে তুলেছিলেন তা
অবশ্যই ফ্যাসিস্ট খালেদা জিয়ার ভিত্তি নড়বড়ে করে
দিয়েছে। এই আন্দোলনের মাধ্যমে আবারও প্রমাণ
হয়েছে স্বৈরাচার যতই শক্তিশালী, নিষ্ঠুর বা অনড় হোক
ঐক্যবদ্ধ আন্দোলন হলে তাদের পতন কেউ ঠেকাতে
পারে না। সরকার যদি স্বৈরাচারী আচরণ না করে
প্রথমেই ভিসিকে পদত্যাগে বাধ্য করত তবে
বিশ্ববিদ্যালয় বন্ধ করে ছাত্রছাত্রীদের পড়াশোনার ক্ষতি
করতে হতো না। তিনি অবিলম্বে ছাত্র-শিক্ষকদের
বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহার এবং বিশ্ববিদ্যালয়
খুলে দেয়ার আহ্বান জানান।
শেখ হাসিনা বলেন, গত আশি বছরের ইতিহাসে ঢাকা
বিশ্ববিদ্যালয়ে এমন ন্যাকারজনক ঘটনা আর ঘটেনি।
ছাত্র-শিক্ষকসহ গোটা জাতি সরকারের এই আচরণের
বিরুদ্ধে গর্জে উঠে খালেদা জিয়ার ক্রীড়নক ভিসি এবং
প্রক্টরকে পদত্যাগে বাধ্য করিয়েছে। মহান ভাষা
আন্দোলন থেকে শুরু করে প্রতিটি স্বাধিকার ও
গণতান্ত্রিক আন্দোলনে ছাত্রসমাজ তাদের গৌরবোজ্জ্বল
ভূমিকা পালন করেছে। এই আন্দোলনের মধ্য দিয়ে
তারা আবারও প্রমাণ করেছে, ছাত্রসমাজ জাতির বিবেক
এবং এরা কখনও অন্যায়ের বিরুদ্ধে পরাজয় বরণ করে
না। চক্রান্ত করে ক্ষমতায় গিয়ে দুই-তৃতীয়াংশ
সংখ্যাগরিষ্ঠতার অহমিকায় জোট সরকার নতুন
স্বৈরাচারের ভূমিকায় অবতীর্ণ হয়ে হ। এরা শুধু মানুষের
মৌলিক অধিকারই কেড়ে নেয়নি, ধ্বংস করে দিয়েছে
সকল গণতান্ত্রিক প্রতিষ্ঠান। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল
বিশ্ববিদ্যালয়ে নির্বাচিত ভিসিকে সরিয়ে বেআইনীভাবে
নতুন ভিসির নিয়োগ দিয়ে এরা কলঙ্কিত করেছে পবিত্র
শিক্ষাঙ্গনকে। এই অবস্থা থেকে দেশকে রক্ষার জন্য
আন্দোলনের কোন বিকল্প নেই। আগামী দিনে
স্বৈরাচারের বিরুদ্ধে আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা
পালনের জন্য তিনি ছাত্রসমাজের প্রতি আহ্বান
জানিয়েছেন।